


হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়



সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর



'আমাদের বন্ধন আরও গভীর হোক' -পৃষ্ঠা-৩



বর্ষ ৩ ঃ সংখ্যা-১৮৩ ঃ মেহেরপুর-শনিবার ১২ জুলাই ২০২৫ ইং ঃ ২৮ আষাঢ় ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা





## ১২ জুলাই : কোটা সংস্কারের দাবিতে ছুটির দিনেও রাজপথে সরব শিক্ষার্থীরা

নিজস্ব প্রতিবেদক

সরকারি চাকরিতে কোটাব্যবস্থা বাতিলের দাবিতে ২০২৪ সালের ১২ জুলাই (শুক্রবার) ছুটির দিনেও আন্দোলন চালিয়ে যান শিক্ষার্থীরা। পূর্ব ঘোষিত কর্মসূচি অনুযায়ী, এদিন সারাদেশে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেন আন্দোলনকারীরা।

আগের দিন ১১ জুলাই (বৃহস্পতিবার) বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের 'বাংলা ব্লকেড' কর্মসূচিতে পুলিশ বাধা দেয় এবং দেশের বিভিন্ন স্থানে শিক্ষার্থীদের সঙ্গে সংঘর্ষে জড়ায় পুলিশ। পুলিশ শিক্ষার্থীদের ওপর টিয়ার শেল নিক্ষেপ ও লাঠিচার্জ করে। এতে দেশের বিভিন্ন স্থানে প্রায় অর্ধশতাধিক শিক্ষার্থী আহত হন।

পুলিশের এই হামলার প্রতিবাদে শুক্রবার (১২ জুলাই) বিকেলে সারাদেশে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করার কর্মসূচি ঘোষণা

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে ইট ভাঙায় সিন্ডিকেটের দাপট

## বাধ্য হয়েও বেশি টাকা দিচ্ছে মানুষ




মিজানুর রহমান অপু

মেহেরপুরে ইট ভাঙ্গা গাড়ি মালিক সমিতির সিন্ডিকেটে অসহায় হয়ে পড়েছে সাধারণ মানুষ। মেহেরপুরের গাংনী উপজেলাসহ আসে পাশের জেলাতে প্রতি গাড়ি ইট ভাঙতে যেখানে এক হাজার থেকে ১২শত টাকা খরচ হয় সেখানে মেহেরপুরে ১৯শত থেকে ২হাজার টাকা নিচ্ছে। সাধারণ মানুষ বলছে সমিতির বাইরে কোন গাড়ি পাওয়া যায় না তাই বাধ্য হয়ে বেশি টাকাতেই কাজ করতে হচ্ছে। যদি গাংনী অথবা বাইরের জেলা থেকে গাড়ি এনে ইট ভাঙতে চাইলে সমিতির লোক বাধা প্রদান করে।

মেহেরপুর কাঁসারি পাড়ার আশরাফুল বলেন, আমার বাড়ির দোতলা ছাদ করার জন্য ৬

২-এর পৃষ্ঠা দেখুন




## কোরিয়ায় উচ্চশিক্ষা না চাকরি? যুগিন্দা স্কুলের শিক্ষককে ঘিরে বিতর্ক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলার গাংনী উপজেলার যুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ের প্রায় ৩বছর ধরে বিদেশে থেকেও চাকরিতে বহাল থাকার অভিযোগ উঠেছে মোঃ পারভেজ আকতার নামে এক শিক্ষকের বিরুদ্ধে। স্কুলের প্রধান শিক্ষক বলছে স্কলারশিপ নিয়ে কোরিয়াতে উচ্চ শিক্ষার জন্য গেছে। শিক্ষা কর্মকর্তা বলছে এই ধরনের কোনো তথ্য তাদের কাছে নাই। জানা গেছে মেহেরপুর যুগিন্দা মাধ্যমিক বিদ্যালয় ২০০২ সালে স্থাপিত হয়। এবং ২০০৩ সালে স্কুলটি এমপিও ভুক্ত হয়। স্কুলের কৃষি বিষয়ের সহকারী শিক্ষক মোঃ পারভেজ আকতার প্রায় ৩ বছর আগে কোরিয়াতে প্রবাসী জীবনযাপন করলেও স্কুলের শিক্ষক পদ বহাল আছে। স্কুলের প্রধান শিক্ষক আব্দুল করিম বলছে উচ্চ শিক্ষার জন্য স্কুল থেকে বেতন মুক্ত ছুটি নিয়ে তিনি বিদেশে গেছেন। বিদেশ থেকে এসে তিনি আবার শিক্ষকতায় যোগদান করবেন। তবে উচ্চ শিক্ষা সংক্রান্ত কোনো কাগজপত্র দেখাতে পারেননি। এলাকাবাসীর অভিযোগ পারভেজ আকতার

২-এর পৃষ্ঠা দেখুন



## জিনিয়াস ল্যাবরেটরির জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা

নিজস্ব প্রতিবেদক

২০২৪ সালের এসএসসি পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জনকারী শিক্ষার্থীদের সংবর্ধনা দিয়েছে মেহেরপুর জিনিয়াস ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ। যশোর শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এ পরীক্ষায় প্রতিষ্ঠানটি থেকে ৫০ জন শিক্ষার্থী জিপিএ-৫ অর্জন করে।

বৃহস্পতিবার বিকেলে কলেজ প্রাঙ্গণে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে

২-এর পৃষ্ঠা দেখুন

## বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ছয় জেলার কমিটি স্থগিত

সূর্যোদয় প্রতিবেদন

নির্ধারিত মেয়াদ উত্তীর্ণ হওয়ায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ছয়টি জেলার কমিটি স্থগিত ঘোষণা করা হয়েছে। স্থগিত হওয়া জেলাগুলো হলো যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, জামালপুর এবং বরিশাল।

শুক্রবার (১১ জুলাই) সংগঠনের কেন্দ্রীয় সভাপতি রিফাত রশিদ ও সাধারণ সম্পাদক হাসান ইনাম স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এই সিদ্ধান্তের কথা জানানো হয়। সংগঠনটির পক্ষ থেকে জানানো হয়েছে, উল্লেখিত ছয়টি জেলার কমিটির নির্ধারিত সাংগঠনিক মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে। গঠনতন্ত্র অনুযায়ী মেয়াদোত্তীর্ণ কমিটি

২-এর পৃষ্ঠা দেখুন



## গ্রামবাংলার ঐতিহ্যবাহী খেলায় মেতে উঠল ফৌজদারীপাড়া যুব সংঘ আকর্ষণের কেন্দ্রবিন্দু বিবাহিত বনাম অবিবাহিতদের প্রীতি ম্যাচ

তৌহিদুল ইসলাম তুহিন

মেহেরপুর শহরের প্রাণকেন্দ্র ফৌজদারীপাড়ায় আনন্দঘন পরিবেশে অনুষ্ঠিত হলো এক ব্যতিক্রমধর্মী ক্রীড়া উৎসব ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। ফৌজদারীপাড়া যুব সংঘের উদ্যোগে আয়োজিত এ আয়োজনে গ্রামবাংলার ঐতিহ্যবাহী খেলাধুলার পুনর্জাগরণ ঘটিয়ে

২-এর পৃষ্ঠা দেখুন

## ২১ জেলায় পানিতে ডুবেছে ৭২ হাজার হেক্টর জমির ফসল

সূর্যোদয় প্রতিবেদন

দেশের দক্ষিণ-পূর্বাঞ্চল ও উপকূলীয় অঞ্চলে অব্যাহত বর্ষণ এবং জলাবদ্ধতার কারণে ২১টি জেলার বিস্তীর্ণ অঞ্চলের ফসলি জমি পানিতে তলিয়ে গেছে। প্রায় ৭২ হাজার ৭৬ হেক্টর জমির ফসল আংশিক বা সম্পূর্ণভাবে নিমজ্জিত হয়েছে বলে জানিয়েছে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)।

বৃহস্পতিবার এক সরকারি বিজ্ঞপ্তিতে জানানো হয়, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, কুমিল্লা, চাঁদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, খুলনা, বরিশাল, পিরোজপুর, পটুয়াখালী, ভোলা, সাতক্ষীরা, বাগেরহাটসহ মোট ২১টি জেলায় এই ক্ষয়ক্ষতি হয়েছে। তথ্য

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জামায়াতে ইসলামীর নির্বাচনী প্রশিক্ষণ অনুষ্ঠিত

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরে জামায়াতে ইসলামী'র নির্বাচনী দায়িত্বশীলদের নিয়ে দিনব্যাপী একটি প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (১১ জুলাই) সকালে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে এ কর্মসূচি আয়োজন করা হয়।

প্রশিক্ষণ কর্মসূচির সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা জামায়াতের

২-এর পৃষ্ঠা দেখুন



## বামন্দীতে সপ্তাহের ব্যবধানে কাঁচা মরিচের দাম বৃদ্ধি চারগুণ

বামন্দী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী বাজারে কাঁচা মরিচের দাম গত এক সপ্তাহের মধ্যে গগনচুম্বী হয়েছে। যেখানে আগে ৩০ থেকে ৪০ টাকা কেজি দরে বিক্রি হত, এখন খুচরা বাজারে তা বেড়ে দাঁড়িয়েছে ২৩০ থেকে ২৪০ টাকায়। পাইকারি বাজারেও মরিচ বিক্রি হচ্ছে ২০০ টাকায়। এ চরম মূল্যবৃদ্ধিতে সাধারণ ক্রেতাদের মধ্যে ক্ষোভ ও হতাশা বিরাজ করছে। স্থানীয় ব্যবসায়ীরা জানান, টানা ভারী বর্ষণের কারণে কৃষকেরা মাঠ থেকে মরিচ তুলতে পারছেন না। অনেক জমিতে পানি জমে মরিচ গাছ নষ্ট হয়েছে, যার কারণে বাজারে সরবরাহ ব্যাপকভাবে

২-এর পৃষ্ঠা দেখুন

## এগিয়ে গিয়েও ফাইনালে উঠতে পারল না বাংলাদেশ যুব হকি দল

সূর্যোদয় প্রতিবেদন

চীনের ডাজুতে অনুষ্ঠিত অনূর্ধ্ব-১৮ এশিয়া কাপ হকির সেমিফাইনালে উত্তেজনাপূর্ণ এক লড়াইয়ে জাপানের কাছে হেরে ফাইনাল থেকে ছিটকে পড়েছে বাংলাদেশ। ম্যাচে একাধিকবার এগিয়ে গিয়েও শেষ রক্ষা হয়নি লাল-সবুজদের। শেষ ৯ মিনিটে তিন গোল হজম করে ৬-৪ ব্যবধানে হারে বাংলাদেশ।ম্যাচের শুরু থেকেই আগ্রাসী খেলে বাংলাদেশ। দ্বিতীয় মিনিটে পেনাল্টি কর্নার থেকে দ্বীন ইসলাম গোল করে দলকে এগিয়ে নেন। এরপর ১২ মিনিটে ইসমাইল হোসেনের ফিল্ড গোল বাংলাদেশের ব্যবধান বাড়িয়ে দেয় ২-০ তে। তবে দ্বিতীয় কোয়ার্টারেই ঘুরে দাঁড়ায় জাপান। কয়েক মিনিটের ব্যবধানে দুটি গোল করে ম্যাচে

২-এর পৃষ্ঠা দেখুন



## বল্লভপুর বৃদ্ধাশ্রমে খাবার ও তোয়ালে বিতরণ

### সেলিম রেজার মানবিক উদ্যোগে হাসি ফুটল প্রবীণদের মুখে

মুজিবনগর প্রতিনিধি

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামে অবস্থিত বল্লভপুর মিশন হাসপাতালের বৃদ্ধাশ্রমে মানবিক উদ্যোগ হিসেবে খাবার ও তোয়ালে বিতরণ করেছেন স্থানীয় সমাজসেবক সেলিম রেজা। শুক্রবার (১১ জুলাই) দুপুরে বল্লভপুর মিশন হাসপাতালের বৃদ্ধাশ্রমে খাবার ও তোয়ালে বিতরণ করেন। সেলিম রেজা, বল্লভপুর গ্রামের প্রয়াত

২-এর পৃষ্ঠা দেখুন

## জুলাই সনদকে সংবিধানের মূলনীতির স্বীকৃতি দেওয়া 'বিভ্রান্তিকর': রিজভী

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই সনদকে সংবিধানের মৌলিক নীতিমালার অন্তর্ভুক্ত করার প্রস্তাবকে 'বিভ্রান্তিকর' আখ্যায়িত করেছেন বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, "সংবিধান একটি গতিশীল দলিল। এখানে সময়োপযোগী সংস্কার প্রয়োজন হতে পারে, কিন্তু একটি বিশেষ দলিলকে মৌলিক নীতির স্তরে নিয়ে আসা জনগণকে বিভ্রান্ত করার শামিল।" শুক্রবার দুপুরে নয়াপল্টনে বিএনপি কার্যালয়ের সামনে জিয়া পরিষদের আয়োজনে নামাজের জায়নামাজ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, "বিএনপি ইতোমধ্যে জুলাই সনদের বহু

২-এর পৃষ্ঠা দেখুন



## কুষ্টিয়ায় অটোচালককে হত্যার প্রতিবাদে বিক্ষোভ

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার মোল্লাতেঘরিয়া এলাকায় মহাসড়কের পাশের একটি গাছ থেকে ঝুলন্ত অবস্থায় রফিকুল ইসলাম (৪৫) নামের এক অটোচালকের মরদেহ পুলিশ উদ্ধার করেছে। শুক্রবার সকাল সাড়ে ৮টার দিকে কুষ্টিয়া-রাজবাড়ী মহাসড়কের হোমিও কলেজসংলগ্ন এলাকায় মরদেহটি দেখতে পান স্থানীয়রা। নিহত রফিকুল কুষ্টিয়া শহরতলীর মোল্লাপাড়া আদর্শপাড়া এলাকার দবির উদ্দিনের ছেলে।

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

(খবর রাজসাক্ষী হতে চেয়েছেন সাবেক আইজিপি মামুন)

ঠেলার নাম বাবাজি
মানুষে নাকি বলে
ছাত্র জনতা মেরে তুমি
পড়লে গ্যাড়াকলে।
কাঠগোড়ায় দাঁড়িয়ে তুমি
বলছো এসব কি
উপর তলার আদেশে আমি
মানুষ মেরেছি।
দেশ ছেড়ে সব পালিয়ে গিয়ে
আছে আরাম আয়েশে
রাজসাক্ষী হয়ে তুমি
থাকবে জেলের বাহিরে।
আপাতত জেলের ভাত
খাও আয়েশ করে
সত্যি কথা বললে তুমি
দেখব ভেবে আইন কি বলে।



## জীবননগরে ঋণ পরিশোধ না করায় নারীর প্রতি অমানবিক আচরণ

চুয়াডাঙ্গা প্রতিনিধি

ঋণের কিস্তির টাকা সময়মতো পরিশোধ না করায় চুয়াডাঙ্গার জীবননগরে এক অসুস্থ নারীকে পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) অফিসের বারান্দায় তালাবদ্ধ করে রাখার অভিযোগ উঠেছে।

২-এর পৃষ্ঠা দেখুন

## জামায়াতের জোট গঠনের কোনো সম্ভাবনা নেই- সালাহউদ্দিন আহমেদ

সূর্যোদয় প্রতিবেদন



বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেছেন, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে বাংলাদেশ জামায়াতে ইসলামীকে নিয়ে জোট গঠনের কোনো সম্ভাবনা নেই। তবে জাতীয় নাগরিক পার্টিসহ অন্যান্য রাজনৈতিক দলের সঙ্গে আলোচনা এখনো চলমান রয়েছে। এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত সময়ই বলে দেবে। ইউএনবিকে দেওয়া এক বিশেষ সাক্ষাৎকারে সালাহউদ্দিন আহমেদ বলেন, "জামায়াত ইসলামীকে নিয়ে নির্বাচনী জোটের কোনো সম্ভাবনা আমি দেখছি না। অতীতে কৌশলগত কারণে আমরা জামায়াতের সঙ্গে জোট করেছি, কিন্তু এবার তাদের সঙ্গে জোট গঠনের প্রয়োজন অনুভব করছি না।"

তিনি জানান, বিএনপি বর্তমানে তাদের মনোযোগ কেন্দ্রীভূত করছে সেসব দলের দিকে, যারা একযোগে গণতান্ত্রিক আন্দোলন ও সংগ্রামে অংশ নিচ্ছে। তবে নির্বাচন কমিশনের তফসিল ঘোষণার আগ পর্যন্ত রাজনৈতিক সমঝোতার দরজা খোলা থাকবে বলেও ইঙ্গিত দেন তিনি।জাতীয় ঐকমত্য কমিশনের দীর্ঘসূত্রতাকে 'অপ্রয়োজনীয়' উল্লেখ করে তিনি বলেন, "এই আলোচনা যুক্তিসংগত সময়ের

২-এর পৃষ্ঠা দেখুন



## প্র্যাকটিক্যাল নম্বরে সবাই ফেল, জীবননগরে শিক্ষার্থীদের বিক্ষোভ

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার হাসাদাহ বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের ভোকেশনাল শাখার এসএসসি পরীক্ষার্থীরা 'প্র্যাকটিকাল নম্বর'এর কারণে সবাই ফেল করেছেন বলে অভিযোগ উঠেছে। ফল

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ শনিবার ॥ ২৮ আষাঢ় ১৪৩২ বাংলা ॥ ১২ জুলাই ২০২৫ইং



## ডায়াবেটিস নিয়ন্ত্রণে রাখতে যা খাবেন

সূর্যোদয় প্রতিবেদন

ডায়াবেটিস বা বহুমূত্র রোগ বর্তমানে একটি নীরব ঘাতক হিসেবে পরিচিত। অগ্ন্যাশয়ে ইনসুলিন উৎপাদনে ঘাটতি কিংবা ইনসুলিনের কার্যকারিতা হ্রাস পেলেই এই রোগ দেখা দেয়। ঘন ঘন প্রস্রাব, অতিরিক্ত তৃষ্ণা, মুখ শুকিয়ে যাওয়া, দুর্বলতা, হঠাৎ ওজন হ্রাস, ক্ষুধা বেড়ে যাওয়া কিংবা চোখে ঝাপসা দেখা দেওয়াড়এসবই ডায়াবেটিসের লক্ষণ হতে পারে।
তবে কিছু নির্দিষ্ট খাদ্য নিয়মিত গ্রহণের মাধ্যমে ডায়াবেটিস নিয়ন্ত্রণে রাখা যায়। নিচে এমনই কিছু খাবার তুলে ধরা হলো
সবুজ চা: সবুজ চা শরীরে ইনসুলিনের মতো কাজ করে। এটি রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে সাহায্য করে এবং ডায়াবেটিস প্রতিরোধে কার্যকর ভূমিকা রাখে। ওয়াইল্ড স্যামন: এতে রয়েছে উচ্চমাত্রার ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড, যা ইনসুলিনের কার্যকারিতা বাড়ায় এবং হৃদরোগের ঝুঁকি হ্রাস করে।
মাছ: মাছের ওমেগা-৩ ইনসুলিন সংবেদনশীলতা বাড়িয়ে রক্তে গ্লুকোজের মাত্রা কমাতে সাহায্য করে। এতে থাকা চর্বিহীন প্রোটিন ডায়াবেটিস রোগীদের জন্য উপকারী। টক দই: টক দইয়ে চিনির পরিমাণ কম থাকে। এটি রক্তে চিনির মাত্রা কমাতে সহায়তা করে। দুপুরের খাবারের সঙ্গে বা বিকেলের নাস্তায় এটি খাওয়া যেতে পারে। ডিমের সাদা অংশ: উচ্চ মানের প্রোটিনে ভরপুর ডিমের সাদা অংশে কার্বোহাইড্রেটের পরিমাণ কম, যা টাইপ-২ ডায়াবেটিস প্রতিরোধে সহায়ক। লেবু ও সাইট্রাস ফল: ভিটামিন সি সমৃদ্ধ লেবু,

৩-এর পৃষ্ঠা দেখুন

# বিভাজনে ভুগছে মেহেরপুর বিএনপি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা বিএনপির নেতৃত্বের দ্বন্দ্ব ও অভ্যন্তরীণ বিভাজন দলের গতিশীলতাকে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত করেছে। ২০২৫ সালের ফেব্রুয়ারিতে কেন্দ্রীয় বিএনপি থেকে ঘোষিত ৩১ সদস্যের পূর্ণাঙ্গ আহ্বায়ক কমিটির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল ইসলাম মাঠে সক্রিয় হয়ে সংগঠনকে এগিয়ে নেওয়ার চেষ্টা করলেও দলীয় কোন্দল ও ভিন্নমতের কারণে তার অগ্রযাত্রা থমকে গেছে।
কমিটিতে জাবেদ মাসুদ মিল্টন আহ্বায়ক এবং সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদকরা সদস্য পদ পেয়েছেন। তবে কমিটির ভিতরে দুই গোষ্ঠীর সৃষ্টি হয়েছে একটি কামরুল ইসলামের নেতৃত্বে এবং অন্যটি সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণের পক্ষে। এর ফলে জেলার বিভিন্ন উপজেলার ইউনিয়ন কমিটি গঠনের ক্ষেত্রে সংঘর্ষ এবং প্রতিদ্বন্দ্বিতা দেখা দিয়েছে। মে মাসে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন সম্মেলনে দুই পক্ষের সংঘর্ষে অন্তত ২০ জন নেতাকর্মী আহত হন। পরিস্থিতি নিয়ন্ত্রণে সেনাবাহিনী ও পুলিশের হস্তক্ষেপ করতে হয়।



ঘটনার পেছনে ব্যক্তিগত বিরোধ ছাড়াও ক্ষমতার লড়াই ও নেতাদের পারস্পরিক প্রতিদ্বন্দ্বিতার অভিযোগ রয়েছে। কামরুল ইসলাম ধারাবাহিক কর্মসূচি, সভা ও কর্মী সমাবেশের মাধ্যমে সংগঠনকে সক্রিয় রাখার চেষ্টা করছেন। আবার মাসুদ অরুণও পাল্টা কর্মসূচি, সভা ও কর্মী সমাবেশে করছে। তবে দলের একাধিক ইউনিটে ভিন্নপন্থী নেতৃত্ব দাবি অব্যাহত থাকায় বিভ্রান্তি ও বিশৃঙ্খলা বাড়ছে। কর্মসূচিতে সাড়া কমে যাওয়ায় দলের কার্যক্রম স্থবিরতার শিকার হচ্ছে। সামাজিক যোগাযোগমাধ্যমেও পক্ষ-বিপক্ষের মধ্যে অভিযোগের ঝড় চলছে, যা দলের অভ্যন্তরীণ ঐক্যকে ক্ষুণ্ন করছে।
দলীয় একটি সূত্র জানায়, এই দ্বন্দ্ব শুধু ব্যক্তিগত নয়, বরং জেলার প্রতিটি স্তরে ছড়িয়ে পড়ায় সুশাসন ও কার্যকর নেতৃত্ব প্রতিষ্ঠায় বাধা সৃষ্টি করছে। স্থানীয় নেতাকর্মীরা বিভক্ত হওয়ায় দলীয় কর্মসূচিতে একাত্মতা নেই, যা রাজনৈতিক শক্তিকে দুর্বল করে তুলছে। কামরুল ইসলাম বলেন, "বিএনপি এখন নতুন করে সংগঠিত হচ্ছে। গণতন্ত্র পুনরুদ্ধারে রাজপথে সক্রিয় ভূমিকা রাখা আমাদের লক্ষ্য। কেন্দ্র ঘোষিত যেকোনো কর্মসূচি আমরা বাস্তবায়নে প্রস্তুত।" তিনি দলের ঐক্য ও শক্তি বৃদ্ধির জন্য সকল পক্ষকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।
অন্যদিকে, দলের একাধিক নেতার মতে, মেহেরপুর বিএনপির এই অভ্যন্তরীণ সংকট দ্রুত মিটিয়ে শক্তিশালী নেতৃত্ব গড়ে তুলতে হবে। নয়তো আগামী নির্বাচনী প্রক্রিয়ায় দলকে বড় ধরনের ক্ষতির মুখোমুখি হতে হবে। কেন্দ্রীয় নেতৃত্বকেও বিষয়টি মনোযোগ দিয়ে সমাধান করার পরামর্শ দিয়েছেন তারা। মেহেরপুরের রাজনৈতিক

৩-এর পৃষ্ঠা দেখুন

## আমিরের নেতৃত্বে চীন সফরে জামায়াতের প্রতিনিধি দল

সূর্যোদয় প্রতিবেদন

চীন সরকারের ও চীনা কমিউনিস্ট পার্টির (সিপিসি) আমন্ত্রণে চীন সফরে গেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডাঃ শফিকুর রহমানের নেতৃত্বে আট সদস্যের একটি প্রতিনিধি দল। বৃহস্পতিবার রাতে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে প্রতিনিধি দলটি চীনের উদ্দেশে রওনা দেয়। ১১ থেকে ১৫ জুলাই পর্যন্ত এই সফর চলবে। ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বিমানবন্দরে উপস্থিত থেকে প্রতিনিধি দলকে বিদায় জানান। এ সময় জামায়াতের শীর্ষ নেতারাও সেখানে উপস্থিত ছিলেন।

৩-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচন প্রশ্নে অবস্থান বদলাচ্ছে জামায়াত দ্বিধায় বিএনপি

সূর্যোদয় প্রতিবেদন



বাংলাদেশের রাজনীতি ফের উত্তপ্ত হয়ে উঠছে নির্বাচন ঘিরে। অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে ২০২৬ সালের জুনের আগেই জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হতে পারে এমন বার্তা আসার পর থেকেই বিভিন্ন রাজনৈতিক দল নড়েচড়ে বসেছে। প্রধান উপদেষ্টা ডঃ মুহাম্মদ ইউনূস ইতোমধ্যে নির্বাচন কমিশনকে প্রস্তুতি নিতে নির্দেশ দিয়েছেন, বিশেষ করে আইনশৃঙ্খলা বাহিনীর প্রস্তুতি ডিসেম্বরের মধ্যেই সম্পন্ন করতে বলা হয়েছে।
এই প্রেক্ষাপটে জামায়াতে ইসলামীর অবস্থান নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। বিএনপি ও এনসিপি একাধিক বক্তব্যে নির্বাচনের পক্ষে থাকলেও কিছু শর্তে অনড় থেকে নির্বাচনকালীন রাজনৈতিক হিসাব-নিকাশে নতুন জটিলতা সৃষ্টি করছে। জামায়াতে ইসলামী প্রথমে অন্তর্বর্তী সরকারের নির্ধারিত ডিসেম্বর থেকে জুনের মধ্যে যেকোনো সময় নির্বাচন গ্রহণযোগ্য বলে জানালেও, সাম্প্রতিক সময়ের বক্তৃতা-বিবৃতিতে দলটির কৌশলগত অবস্থান পরিবর্তনের ইঙ্গিত স্পষ্ট হয়ে উঠছে। দলটির আমির শফিকুর রহমান সম্প্রতি এক জনসভায় বলেন, "লালমনিরহাটে সাজাপ্রাপ্ত আসামিকে পুলিশ হেফাজত থেকে ছিনিয়ে নেওয়ার মতো ঘটনাই প্রমাণ করে দেশে ভোটের উপযোগী পরিবেশ নেই।"
এই মন্তব্যে রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন,

৩-এর পৃষ্ঠা দেখুন



## শ্রীলঙ্কাকে ৯-১ গোলে উড়িয়ে দিয়ে সাফ শুরু বাংলাদেশ মেয়েদের

সূর্যোদয় প্রতিবেদন

নিজেদের মাঠ, নিজস্ব দর্শক, আর সেই সাথে বর্তমান চ্যাম্পিয়নের আত্মবিশ্বাস সব মিলে দুর্দান্ত শুরু করল বাংলাদেশের মেয়েরা। সাফ অনূর্ধ্ব-২০ নারী ফুটবলের

৩-এর পৃষ্ঠা দেখুন

## শুল্ক আলোচনায় বেশ কিছু বিষয়ে একমত বাংলাদেশ-যুক্তরাষ্ট্র

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে শুল্কসংক্রান্ত দ্বিতীয় দিনের আলোচনায় বেশ কিছু বিষয়ে ঐকমত্য প্রতিষ্ঠিত হয়েছে। তবে কিছু গুরুত্বপূর্ণ ইস্যু এখনো অমীমাংসিত রয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ডঃ মুহাম্মদ ইউনূস।
শুক্রবার (১১ জুলাই) বাংলাদেশ সময় সকাল ১০টা ৩৮ মিনিটে প্রধান উপদেষ্টার ভেরিফায়েড ফেসবুক পেজে প্রকাশিত এক পোস্টে আলোচনার অগ্রগতির কথা তুলে ধরা হয়।
পোস্টে উল্লেখ করা হয়, আলোচনা ছিল যুক্তিসংগত ও পারস্পরিক সম্মাননির্ভর। দ্বিতীয়

৩-এর পৃষ্ঠা দেখুন



## খাবারের লাইনে থাকা ফিলিস্তিনিদের ওপর ইসরায়েলি হামলা: ৯ শিশু নিহত

সূর্যোদয় প্রতিবেদন

গাজার দেইর আল-বালাহ এলাকায় খাবারের জন্য লাইনে দাঁড়িয়ে থাকা সাধারণ মানুষদের ওপর ইসরায়েলি বাহিনীর চালানো হামলায় ৯ শিশুসহ অন্তত ১৫ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও অন্তত ৩০ জন, যাদের মধ্যে ১৯ জনই শিশু। ফিলিস্তিনের স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে আন্তর্জাতিক সংবাদমাধ্যম আল-জাজিরা।
নিহতদের মধ্যে রয়েছেন একজন মায়ের কন্যা সন্তান, যিনি চিকিৎসাকেন্দ্রের কাছে হামলার শিকার হন। সন্তান হারানো মা সামাহ

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভারতের 'চিকেনস নেক' নির্ভরতা কমাতে বড় রেল যোগাযোগ সম্প্রসারণ

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের উত্তর-পূর্বাঞ্চলকে দেশের মূল ভূখণ্ডের সঙ্গে আরও মজবুতভাবে সংযুক্ত করতে বড় ধরনের রেল যোগাযোগ সম্প্রসারণের উদ্যোগ নিয়েছে কেন্দ্রীয় সরকার। ২০৩০ সালের মধ্যে সাতটি উত্তর-পূর্ব রাজ্যকে রেলপথে জাতীয় নেটওয়ার্কের সঙ্গে যুক্ত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এই উদ্যোগের মূল লক্ষ্য হল মাত্র ২২ কিলোমিটার চওড়া শিলিগুড়ি করিডোর বা 'চিকেনস নেক'-এর ওপর নির্ভরতা কমানো। করিডোরটি ভারতের মূল ভূখণ্ড এবং উত্তর-পূর্বাঞ্চলকে স্থলপথে সংযুক্ত করে, কিন্তু নেপাল, ভুটান ও বাংলাদেশের মধ্যে অবস্থিত হওয়ায় এটি সামান্য বাধাতেই বিচ্ছিন্ন হওয়ার ঝুঁকিতে রয়েছে। মিজোরামে ৫১.৩৮ কিলোমিটার

৩-এর পৃষ্ঠা দেখুন



## ইমরান খানের ছেলেদের গ্রেফতারের হুমকি, সাবেক স্ত্রীর তীব্র সমালোচনা

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান ও তার পরিবারের ওপর দেশের শাসন ব্যবস্থা থেকে চলমান কঠোর আচরণ এবং রাজনৈতিক নিপীড়নের নতুন মাত্রা যোগ হয়েছে। বিশেষ করে ইমরান খানের দুই ছেলে যদি পাকিস্তানে প্রবেশ করে রাজনৈতিক আন্দোলনে অংশ নেন, তাহলে তাদের গ্রেফতারের হুমকি দিয়েছে সরকার।
পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের ছেলেদের গ্রেফতারের হুমকির প্রতিবাদে তীব্র বক্তব্য দিয়েছেন তার সাবেক স্ত্রী জেমিমা গোল্ডস্মিথ। জেমিমা এক্স প্ল্যাটফর্মে জানান, তার সন্তানদের ইমরান

৩-এর পৃষ্ঠা দেখুন

## টিকটক অ্যাকাউন্ট না মুছায় মেয়েকে গুলি করলেন বাবা

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানে আবারও 'অনার কিলিং'-এর নৃশংস দৃশ্য। টিকটক অ্যাকাউন্ট না মুছায় নিজের ১৬ বছর বয়সি কন্যাকে গুলি করে হত্যা করেছেন এক পিতা। ঘটনার পরপরই হত্যাকে আত্মহত্যা বলে চালিয়ে দিতে চেয়েছিল পরিবার। তবে পুলিশের তদন্তে বেরিয়ে আসে নির্মম বাস্তবড়মেয়ের ডিজিটাল স্বাধীনতায় 'বিপন্ন সম্মান' রক্ষার অজুহাতে বাবাই ঠাণ্ডা মাথায় এই খুন করেছেন।
ঘটনাটি ঘটেছে পাকিস্তানের রাজধানী ইসলামাবাদের সন্নিকটবর্তী শহর রাওয়ালপিন্ডিতে। পুলিশ জানায়, মেয়েকে টিকটক ব্যবহার না করার জন্য একাধিকবার নিষেধ করেন বাবা। কিন্তু কিশোরী নির্দেশ না মানায় ক্রুদ্ধ হয়ে সে নিজ হাতে মেয়েকে গুলি করে হত্যা করে। পুলিশের এক বিবৃতিতে জানানো হয়েছে, প্রথমে পরিবারের সদস্যরা ঘটনাটিকে আত্মহত্যা হিসেবে উপস্থাপন করতে চেয়েছিল। তবে ফরেনসিক ও সাক্ষ্য-প্রমাণ বিশ্লেষণে উঠে আসে, এটি পূর্বপরিকল্পিত খুন এবং হত্যাকারী নিজেই কিশোরীর পিতা। ইতোমধ্যে অভিযুক্ত বাবাকে গ্রেফতার করা হয়েছে। পুলিশ জানায়, ঘটনাটিকে একটি 'অনার কিলিং' হিসেবে

৩-এর পৃষ্ঠা দেখুন

## ফেসবুকে ১০০০ ফলোয়ার হলে কি টাকা পাওয়া যায়?

সূর্যোদয় প্রতিবেদন




বর্তমানে ফেসবুক শুধু বিনোদনের মাধ্যম নয়, অনেকের জন্য আয়ের উৎসও বটে। কিন্তু ফেসবুকে আয় করার জন্য ১০০০ ফলোয়ার থাকা যথেষ্ট নয়। ফেসবুক থেকে সরাসরি আয় করার জন্য মেটার (ফেসবুকের মালিকানাধীন প্রতিষ্ঠান) নির্দিষ্ট কিছু শর্ত পূরণ করতে হয়। যেমন, আপনার পেজ বা প্রোফাইলে অবশ্যই কমপক্ষে ১০ হাজার ফলোয়ার থাকতে হবে এবং গত ৬০ দিনে কমপক্ষে ৬০ হাজার মিনিট ভিডিও দেখার সময় থাকতে হবে। এছাড়া ফেসবুকের কমিউনিটি গাইডলাইন ও মনিটাইজেশন নীতি অনুসরণ করাও জরুরি।ফেসবুক আয় করার বিভিন্ন উপায় রয়েছে ইন-স্ট্রিম বিজ্ঞাপন (ভিডিওতে প্রদর্শিত), ফ্যান সাবস্ক্রিপশন, ব্র্যান্ডেড কন্টেন্ট ও রিল বোনাস। তবে এসব সুবিধা পেতে হলে নির্ধারিত যোগ্যতা অর্জন করতে হয়। যদিও ১০০০ ফলোয়ার থাকলেই ফেসবুক থেকে সরাসরি টাকা পাওয়া যায় না, তবে ভালো রিচ ও এনগেজমেন্ট থাকলে ব্র্যান্ড স্পনসরশিপের মাধ্যমে আয় করা সম্ভব। অর্থাৎ, আপনি যদি নিয়মিত ভালো কন্টেন্ট তৈরি করেন এবং আপনার ভিউ বেশি হয়, তাহলে ব্র্যান্ডগুলো আপনার সঙ্গে

৩-এর পৃষ্ঠা দেখুন




## হঠাৎ অমিত শাহ'র কণ্ঠে 'অবসর' জল্পনায় সরগরম ভারতের রাজনীতি

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের রাজনীতিতে হঠাৎই বয়ে গেল চাঞ্চল্যের ঝড়। বিজেপির সবচেয়ে প্রভাবশালী নেতা ও ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ হঠাৎ করেই বললেনড়অবসরের পর তিনি জীবনের বাকি সময়টা ধর্মচর্চা ও প্রাকৃতিক চাষে কাটাতে চান। গুজরাটের আহমেদাবাদে এক সমবায় নারী সম্মেলনে অংশ নিয়ে বুধবার এই মন্তব্য করেন অমিত শাহ। তার এই বক্তব্য ঘিরে দেশজুড়ে শুরু হয়েছে জল্পনা-কল্পনা, বিশ্লেষণ ও রাজনৈতিক গুঞ্জন।

৩-এর পৃষ্ঠা দেখুন




ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, শনিবার, ১২ জুলাই ২০২৫ ইং

## বয়স্ক ভাতা: সরকারি সহায়তার ন্যূনতম মানবিক দায়িত্ব

## সরকারি স্কুলের পতন: দায় কার, করণীয়ই বা কী?

২০২৫ সালের এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের পর মেহেরপুর জেলার সরকারি শিক্ষা ব্যবস্থার যে চিত্র সামনে এসেছে, তা কেবল উদ্বেগজনকই নয় বরং একটি দীর্ঘদিনের পচনের নগ্ন প্রতিফলন। জেলার সর্বাধিক পরিচিত চারটি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে তিনটির পাসের হার ৮০ শতাংশের নিচে, এবং একটির মাত্র ৫৫ শতাংশ। একই সময়ে জেলার কয়েকটি প্রাইভেট স্কুল শতভাগ পাস এবং উচ্চমাত্রায় জিপিএ-৫ অর্জন করেছে। এই বৈষম্য কোনো আকস্মিক ঘটনা নয়। বরং এটি বছরের পর বছর ধরে গড়ে ওঠা এক গাফিলতিপূর্ণ ব্যবস্থার ফল। কোটি কোটি টাকার অবকাঠামো, শিক্ষক নিয়োগ, আধুনিক ল্যাব কিংবা ডিজিটাল কনটেন্ট এসব কিছু থাকার পরও যদি শিক্ষার্থীরা ব্যর্থ হয়, তবে এর দায়ভার শুধু শিক্ষার্থীর নয়। এটি হলো ব্যর্থ ব্যবস্থাপনার প্রতিচ্ছবি। সরকারি বিদ্যালয়ের অনেক শিক্ষক নিয়মিত শ্রেণিকক্ষে উপস্থিত হন না। উপস্থিত হলেও শিক্ষাদানে মনোযোগের ঘাটতি প্রকট। বিদ্যালয় পরিচালনা কমিটির দায়িত্বশীলতা প্রশ্নবিদ্ধ, এবং প্রশাসনিক তদারকি প্রায় অদৃশ্য। বরং অনেক সময় রাজনৈতিক আশ্রয়-প্রশ্রয়ে দায়িত্ব এড়িয়ে যাওয়া, বদলির সুবিধা গ্রহণ, কিংবা 'সুবিধাজনক' পদায়নের সংস্কৃতি এই অবনতিকে ত্বরান্বিত করেছে। অন্যদিকে সীমিত সুযোগ-সুবিধার মাঝেও কিছু প্রাইভেট শিক্ষা প্রতিষ্ঠান যেমন জিনিয়াস ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ ও সন্ধানী স্কুল অ্যান্ড কলেজ শতভাগ পাস এবং অসংখ্য জিপিএ-৫ দিয়ে প্রমাণ করেছে, দায়বদ্ধতা, সুশৃঙ্খল ব্যবস্থাপনা ও শিক্ষাকেন্দ্রিক মনোভাবই আসল সাফল্যের চাবিকাঠি। আরও উদ্বেগের বিষয় হলো, জেলার গাংনী ও মুজিবনগর উপজেলার কোনো সরকারি বিদ্যালয় সেরা পাঁচে স্থান পায়নি। এটি শুধু স্থানীয় প্রশাসনের ব্যর্থতা নয়জাতীয় পর্যায়ের শিক্ষা নীতির দূর্বলতারও বহিঃপ্রকাশ। ক্রমাগতভাবে মেধাবী শিক্ষার্থীরা সরকারি স্কুল ছেড়ে প্রাইভেট প্রতিষ্ঠানে চলে যাচ্ছে, ফলে সরকারি বিদ্যালয়ে একধরনের 'মেধাশূন্য শূন্যস্থান' তৈরি হচ্ছে, যার দীর্ঘমেয়াদী প্রভাব হবে ভয়াবহ। এই পরিস্থিতিতে আমাদের সামনে কিছু জরুরি করণীয় রয়েছে: শিক্ষক মূল্যায়ন ও জবাবদিহিতা নিশ্চিত করা: সরকারি বিদ্যালয়ের শিক্ষকদের উপস্থিতি ও পাঠদানের মান নিয়মিতভাবে মূল্যায়ন করতে হবে। দুর্বল পারফরম্যান্সের জন্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের পাশাপাশি ভালো পারফরম্যান্সের জন্য পুরস্কার দেওয়ার ব্যবস্থাও থাকতে হবে। বিদ্যালয় পরিচালনায় স্বচ্ছতা ও তদারকি জোরদার করা: বিদ্যালয় পরিচালনা কমিটিকে কার্যকর করতে হবে এবং স্থানীয় প্রশাসনের সরাসরি নজরদারি নিশ্চিত করতে হবে। ছাত্রদের নিয়মিত মূল্যায়ন ও সহায়তা: মাসিক মূল্যায়ন, রিমেডিয়াল ক্লাস এবং কাউন্সেলিং সুবিধা চালু করে শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণের ব্যবস্থা নিতে হবে। প্রশাসনিক সংস্কার: শিক্ষক নিয়োগ, বদলি ও পদোন্নতিতে মেধা ও কর্মদক্ষতার ভিত্তিতে সিদ্ধান্ত নিতে হবে। রাজনৈতিক প্রভাব মুক্ত, স্বচ্ছ এবং ডিজিটাল প্রক্রিয়া নিশ্চিত করা জরুরি। মেধাবী শিক্ষার্থী ধরে রাখার উদ্যোগ: সরকারি বিদ্যালয়ে বৃত্তি, প্রতিযোগিতা এবং মেধাভিত্তিক পুরস্কার চালু করে মেধাবীদের আকর্ষণ করতে হবে। যখন সরকারি স্কুলগুলোকে আমরা শুধরে তুলব দায়িত্বশীলতার, দক্ষতার এবং স্বচ্ছতার কেন্দ্রে। এখনই সময়, সাহসী পদক্ষেপ নেওয়ার। নইলে আগামী প্রজন্ম কেবল একটি বৈষম্যপূর্ণ ব্যবস্থারই শিকার হবে না, বরং তারা হারাবে স্বপ্ন দেখার অধিকারও।

## কোরিয়ায় উচ্চশিক্ষা না চাকরি?

কোরিয়ান ভাষা শিখে চাকরির জন্য বিদেশে গেছেন। কিন্তু প্রধান শিক্ষকের সাথে দহরম মহরম থাকার কারণে তার চাকরি বহাল রেখেছেন।

যুগিন্দা গ্রামের রহিম মোল্লা বলেন, কোরিয়ার ভাষা শিখে পারভেজ বিদেশে গেছে। শুনেছি অধিক আয়ের জন্য কোরিয়াতে একটি সুযোগ পেয়ে কোরিয়া চলে গেছেন। সেখানে গিয়ে পড়াশুনা করছেন কিনা আমার জানা নেই। কোরিয়া প্রবাসী সেলিম বলেন, আমি ভাষা শিখে দুই মেয়াদে দশ বছর কোরিয়া আছি। এখানে কোন বাংলাদেশি পড়াশুনা করতে এসেছে বলে শুনিনি। এখানকার সাধারণ জীবন যাপন খুব কষ্টকর। এখানে সবকিছু কোরিয়ান ভাষায়, ইংরেজি ভাষাটা নেই বললেই চলে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল করিম বলেন, পারভেজ আকতার উচ্চ শিক্ষার জন্য বেতন মুক্ত ছুটিতে কোরিয়ায় গেছে। আমি তাকে ছুটি দিয়েছি । এ বিষয়ে আমরা গতকাল শিক্ষা অফিসকে অবহিত করেছি। সেখানে ৫ বছর থাকবে তারপর এসে আবার চাকরিতে যোগদান করবে। ব্যস্ততার কারণে তার উচ্চ শিক্ষার কোনো কাগজপত্র পারভেজ জমা দিতে পারেনি।

বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি আল আমিন বলেন, আমি অল্পদিন হলো দায়িত্ব বুঝে পেয়েছি। আমি শুনেছি পারভেজ আকতার উচ্চ শিক্ষার জন্য কোরিয়ায় গেছে। এ বিষয়ে বিস্তারিত কোন কিছু জানি না। মেহেরপুর জেলা শিক্ষা অফিসার মোঃ মনিরুল ইসলাম বলেন, কাগজপত্র প্রদান না করে কেউ যদি এভাবে বিদেশে যায় সেটা অন্যায়। তবে যুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ের কেউ এভাবে বিদেশ গিয়েছে কিনা আমার জানা নায়। এ বিষয়ে খোঁজ নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবো।

## মেহেরপুরে ইট ভাঙায় সিন্ডিকেটের

হাজার ইট ভাঙ্গতে ৬ হাজার টাকা নিয়েছে। আমি কিছু টাকা কম দিতে চেয়েছিলাম কিন্তু তারা সমিতির দোহায় দিয়ে কোন টাকা কম নেয়নি। রায়পুরের মিজান বলেন, আমি কিছু ইটভাঙ্গার জন্য গাড়ি মালিকের সাথে কথা বলেছিলাম , গাড়ি মালিক বলেছে সমিতির বাইরে আমরা কোন কাজ করতে পারবো না । ইট ভাঙ্গতে হলে সমিতিতে গিয়ে অনুমতি নিয়ে আসতে হবে। নাম প্রকাশে অনিচ্ছুক এক বাড়ি মালিক বলেন আমি বাড়ি করার সময় চুয়াডাঙ্গা থেকে গাড়ি এনে ৮শত টাকা দরে ইট ভেঙ্গছিলাম। তখন আমাকে ইট ভাঙতে বাধা প্রদান করা হয়েছিল । তার বেশ কিছুদিন পরে ২হাজার ইট ভাঙার প্রয়োজন হয়। আমি ইট ভাঙ্গা গাড়ি মালিক সমিতির সাথে যোগাযোগ করলে তারা বলে আপনার ইট ভাংগা হবেনা। নাম প্রকাশে অনিচ্ছুক ইটভাঙ্গা গাড়ি মালিক বলেন, প্রতি গাড়িতে তিনশত টাকা করে সমিতিকে দেওয়া লাগে। আমরা কোথায় ইট ভাঙ্গবো সমিতি ঠিক করে দেয়। এর বাইরে ইট ভাঙ্গলে আমার গাড়ি সমিতি থেকে বের করে দেবে। ইমারত নির্মাণ শ্রমিক সাজ্জাদ বলেন, আসে পাশের সব জায়গা থেকে মেহেরপুরের ইট ভাঙ্গা খরচ অনেক বেশি। একারণে আমাদের অনেক সময় প্রশ্নের সম্মুখীন হতে হয়। আমরা অনুরোধ করলেও তারা কম নেয় না।

## জিনিয়াস ল্যাবরেটরির জিপিএ-৫

সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানটির অধ্যক্ষ রিতা পারভিন। বক্তব্য রাখেন উপাধ্যক্ষ শামসুর রহমান টুটুল, শিক্ষক হাবিবুর রহমান এবং অভিভাবক প্রতিনিধি শাহিন মল্লিক। অনুষ্ঠানের শুরুতে কৃতি শিক্ষার্থীদের হাতে রজনীগন্ধার স্টিক তুলে দিয়ে শুভেচ্ছা জানানো হয় এবং মিষ্টিমুখ করানো হয়।

জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীরা হলেন, সাদিয়া রহমান, দিনাত জাহান অপি, মাসুমা মেহজাবিন, ফাতেমা তুজ জোহরা, শাম্মী আক্তার, জেসিয়া আলম, দিপন্তিতা অধিকারী, মুবাশ্বিরা রহমান, ইসরাত জাহান ঐশী, রাফিয়া ইসলাম মিথি, তাবাসসুম সুলতানা জুতি, নাফিজা তাবাসসুম রোজা, সায়মা আহমেদ আঁখি, সুনেহারা তাসনীম, মারিয়া আক্তার, নাবিরা আজমাইন মৌমী, সাদিয়া জান্নাত, আফনান আক্তার, সাদিয়া আফরিন, অনন্যা হাসান, সাফিয়া তাবাসসুম, এলিজা আফরোজ, মোবাশ্বিরা আক্তার, মেহজাবিন আখতার, মাহবুবা মাহি, ফারিয়া ফাহমিদা পৃথ্বী, মাহির সাদাত, তাসরিফ এলাহী, আনাস রহমান, যায়েদ হাসান, শায়ান হেভেন বারুই, নাফিস আব্দুল্লাহ, মাহফুজ আহমেদ, মনজুরুল ইসলাম, মাহি ফারহান, মুহায়মিল আজিজ, আল আবিবি, নেহাল শাহরিয়ার, শেখ সিয়াম রহমান, সিয়াম আল ফাহাদ, আবু মুসা খান, আবু ইয়ামিনুল কবীর ইভান, মাহিন শেখ, শাহরিয়ার লাবিব, ফেরদৌস হাসান, শাহেদ পারভেজ, নাজিফ আহনাব, আবু সুফিয়ান, তাসিবুর রহমান ও সাফিয়া তাবাসসুম অরিন।

শিক্ষক ও অভিভাবকদের মতে, নিয়মিত ক্লাস, শিক্ষকদের আন্তরিকতা ও অভিভাবকদের সমর্থনের ফলেই এই সাফল্য সম্ভব হয়েছে।

## ২১ জেলায় পানিতে ডুবেছে ৭২

অনুযায়ী, কুমিল্লায় ১১ হাজার ৫৯০ হেক্টর, নোয়াখালীতে ৭ হাজার ৮০৬ হেক্টর এবং ফেনীতে ১ হাজার ৬৫৫ হেক্টর জমির ফসল পানির নিচে রয়েছে। বিশেষ করে আউশ ধান, আমনের বীজতলা, শাকসবজি, মরিচ ও তরমুজ চাষ বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে।

কৃষি বিভাগ বলছে, পানিতে ডুবে যাওয়া ফসলের মধ্যে রয়েছে, আউশ ধান, আমন বীজতলা,শাকসবজি,পাট, কলা, পেঁপে, পান, বোনা আমন, মরিচ, গ্রীষ্মকালীন তরমুজ এছাড়া আখ, গ্রীষ্মকালীন ফল ও অন্যান্য মৌসুমি ফসলও ক্ষতির শিকার হয়েছে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জানিয়েছে, বর্তমানে দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু সক্রিয়, পাশাপাশি উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের কারণে দেশের বিভিন্ন অঞ্চলে বিশেষত উপকূলে ভারী থেকে অতিভারী বর্ষণ হচ্ছে। যার ফলে ফসলের মাঠে ব্যাপক জলাবদ্ধতা দেখা দিয়েছে। ফনী, নোয়াখালী ও লক্ষ্মীপুরে শত শত বাড়িঘর পানিতে তলিয়ে গেছে। অনেক পরিবারকে আশ্রয় নিতে হয়েছে স্কুল, মাদ্রাসা ও সরকারি আশ্রয়কেন্দ্রে। দুর্গত এলাকায় সেনাবাহিনী, ফায়ার সার্ভিস, রেড ক্রিসেন্ট ও স্থানীয় প্রশাসন উদ্ধার ও ত্রাণ কার্যক্রম চালাচ্ছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালক এক বিবৃতিতে জানিয়েছেন, "আমরা জেলার পর্যায়ে প্রতিনিয়ত মাঠ পর্যায়ের তথ্য নিচ্ছি। কোথাও কোথাও পানি দ্রুত নেমে যাচ্ছে, তবে কিছু এলাকায় দীর্ঘস্থায়ী জলাবদ্ধতার কারণে ফসল সম্পূর্ণ নষ্ট হয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে।" তিনি আরও বলেন, "পরিস্থিতি পর্যবেক্ষণ করে ক্ষতিগ্রস্ত কৃষকদের জন্য বীজ, সার ও আর্থিক সহায়তার প্যাকেজ প্রণয়ন করা হবে।" কৃষি বিশেষজ্ঞরা বলছেন, আউশ ও আমনের মৌসুমে এমন দুর্যোগ ফলনে বড় ধরনের নেতিবাচক প্রভাব ফেলতে পারে। যা দেশে খাদ্য নিরাপত্তার ঝুঁকি বাড়াতে পারে। এছাড়া উৎপাদন ব্যাহত হলে বাজারে চাল, সবজি ও ফলমূলের দাম বাড়ার আশঙ্কাও করছেন অর্থনীতিবিদরা।

# ননক্যাডরি নিয়োগ ও পিএসসি'র ফ্যাসিজম

মালিহা খানম

পূর্ব প্রকাশের পর

পিএসসি তাদের পূর্বের অনিয়ম আড়াল করতে ২০২৩ সালে নতুনভাবে নন-ক্যাডার নিয়োগ বিধিমালা সংশোধন করে। সেখানে আবারও ধারা ৪(১) ও ৪(৩) রেখে বলা হয়: ৪(১): "সরকারের অনুরোধে পদের বিবরণসহ নন-ক্যাডার পদ বিসিএস বিজ্ঞপ্তিতে প্রকাশ করতে হবে।" ৪(৩): "বিধিমালা কার্যকর হওয়ার পূর্বে যদি কোনো বিসিএসে পদের বিবরণ না থাকে, তবুও সরকার কর্তৃক অনুরোধের ভিত্তিতে নিয়োগ দেওয়া যাবে।" এইরূপ বিধান কার্যত একটি নিয়মবহির্ভূত ব্যবস্থাকে নিয়মতান্ত্রিক কাঠামোর আড়ালে বৈধতা দেওয়ার প্রয়াস বলে মনে হয়। এটি শুধু প্রশাসনিক জবাবদিহিতার লঙ্ঘন নয়, বরং ভবিষ্যতের জন্য একটি বিপজ্জনক দৃষ্টান্ত। একজন পরীক্ষার্থী যদি কোনো নির্দিষ্ট বিসিএস বিজ্ঞপ্তিতে নির্ধারিত নন-ক্যাডার পদের বিবরণ না জেনেও পরীক্ষা দেয়, পরে কীভাবে তিনি ওই পদে প্রার্থী হতে পারেন? কেবল রাজনৈতিক সংযোগ থাকা বা প্রভাবশালীদের সুপারিশের ভিত্তিতে যদি নিয়োগ হয়, তাহলে তা সংবিধানের "সকলের জন্য সমান সুযোগ" এই মৌলিক অধিকারের পরিপন্থী নয় কি? সাবেক পিএসসি চেয়ারম্যান ড. মোহাম্মদ সাদিক ২০২৪ সালের নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়নে সংসদ সদস্য নির্বাচিত হন। এটি একটি উদ্বেগজনক দৃষ্টান্ত যেখানে একজন নিয়োগ কর্তৃপক্ষ পরে সরাসরি রাজনৈতিক পদের সুবিধাভোগী হন। এতে জনমনে প্রশ্ন জাগে তিনি তাঁর দায়িত্ব পালনকালে কতটা নিরপেক্ষ ছিলেন? যদি অভিযোগগুলো সত্য হয়, তাহলে এটি একটি স্পষ্ট দলীয়করণ ও প্রশাসনিক দুর্বলতার চিত্র। রাষ্ট্র যদি মেধাভিত্তিক নিয়োগ থেকে সরে গিয়ে রাজনৈতিক আনুগত্যকে প্রাধান্য দেয়, তবে তার সবচেয়ে বড় ক্ষতি হয় প্রশাসনিক কাঠামো ও জনসেবায়। পিএসসি'র প্রতি জনগণের আস্থা ফিরিয়ে আনতে হলে, অনিয়মের বিষয়ে একটি স্বাধীন তদন্ত কমিশন গঠন করতে হবে। নন-ক্যাডার নিয়োগ সংক্রান্ত সকল নথি, সুপারিশ ও পরীক্ষার ফলাফল পাবলিকলি প্রকাশ করতে হবেএবং আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নিশ্চিত করতে হবে, প্রয়োজনে আদালতের নজরদারিতেকরতে হবে।রাষ্ট্র যদি মেধা ও ন্যায়ের ভিত্তিতে চলতে না পারে, তবে প্রশাসন হয়ে ওঠে রাজনৈতিক নিয়ন্ত্রণের হাতিয়ার যেটি গণতন্ত্রের জন্য হুমকি। (প্রশাসনিক নীতিবিষয়ক বিশ্লেষক)

# মৃত্যুর পর মা-বাবার হক আদায়ের দায়িত্ব

জাওয়াদ তাহের

মা-বাবা আল্লাহর অমূল্য এক নিয়ামত। জীবদ্দশায় তাদের অধিকার আদায়ের পাশাপাশি মৃত্যুর পরও তাদের প্রতি আমাদের দায়িত্ব শেষ হয় না। কোরআন ও সুন্নাহর আলোকে জানা যায়, মৃত্যুর পর মা-বাবার জন্য দোয়া করা, তাদের ঋণ পরিশোধ করা, কাজা রোজা রাখা এবং সদকা দেওয়া অন্যতম কর্তব্য।

আল্লাহ তাআলা পবিত্র কোরআনে নবী ইবরাহিম (আ.) এর মাধ্যমে দোয়ার শিক্ষা দিয়েছেন, 'হে আমার রব! আমাকে নামাজ কায়েমকারী বানাও এবং আমার সন্তানদের মধ্য থেকেও। হে আমাদের রব! আমাদের দোয়া কবুল করো। হে আমাদের প্রভু! আমাকে, আমার মাতা-পিতাকে এবং সকল মুমিনকে ক্ষমা করো, যেদিন হিসাব নেওয়া হবে।' (সূরা ইবরাহিম, আয়াত ৪০-৪১) রাসুল (সা.) বলেছেন, 'মানুষ মারা গেলে তার সব আমল বন্ধ হয়ে যায়, তিনটি বাদেড় সদকায়ে জারিয়া, এমন জ্ঞান যা উপকারে আসে এবং ধার্মিক সন্তান যার জন্য দোয়া হয়।' (সহীহ মুসলিম)

মৃত্যুর পর মা-বাবার অধিকার আদায়ের মধ্যে অন্যতম হলো : ১। দোয়া ও ক্ষমা প্রার্থনা: প্রতিদিন মা-বাবার জন্য দোয়া করে তাদের জন্য আল্লাহর রহমত কামনা করা। ২। অসিয়ত পূরণ: যদি তারা কোনো অসিয়ত রেখে যান যা এক তৃতীয়াংশ সম্পদের মধ্যে হয়, তা অবশ্যই পালন করতে হবে। ৩। কাজা রোজা আদায়: যদি মা-বাবা ফরজ রোজা রেখে যান, সন্তানরা তাদের পক্ষ থেকে তা রাখতে পারেন। ৪। সদকা ও ইবাদত: মা-বাবার নামে সদকা দিলে তা তাদের জন্য মুক্তির কারণ হয়। ৫। ঋণ পরিশোধ: মা-বাবার মৃত্যুর পর তাদের ঋণ শোধ করা সন্তানদের গুরুতর কর্তব্য। ৬। মানত ও কাফফারা আদায়: যারা মৃত্যুর আগে মানত বা কাফফারা পূরণ করতে পারেননি, তা সন্তানদের মাধ্যমে আদায় করতে হয়।

অতএব, আমাদের উচিত মা-বাবার জীবিত এবং মৃত্যুর পরও তাদের প্রতি শ্রদ্ধাশীল হওয়া, তাদের অধিকার আদায় করা এবং তাদের জন্য দোয়া ও তওবা করা। কারণ মা-বাবার প্রতি ভালো ব্যবহার ও দোয়া একজন সন্তানের জন্য সবচেয়ে বড় সওয়াবের কাজ।

## বামন্দীতে সপ্তাহের ব্যবধানে কাঁচা

কমে গেছে। বামন্দী বাজারের খুচরা বিক্রেতা সাগর আলী বলেন, "গত সপ্তাহে ৩০-৪০ টাকায় মরিচ বিক্রি করলেও আজ পাইকারি বাজার থেকে ২০০ টাকা কেজি দরে কিনতে হয়েছে। তাই বাধ্য হয়ে খুচরায় ২৩৫ থেকে ২৪০ টাকায় বিক্রি করছি।" সদর উপজেলার বারাদি গ্রামের কৃষক রাসেল হোসেন জানান, "এক সপ্তাহ আগেও মরিচ বিক্রি করতাম ১০-১৫ টাকায়, সেই দামেও খরচ ওঠত না। টানা বৃষ্টিতে অনেক গাছ নষ্ট হয়ে গেছে, আর মরিচ তুলতে পারছি না।" ক্রেতারা ব্যবসায়ীদের একদিকে ক্রমবর্ধমান মূল্য বৃদ্ধিতে ক্ষুব্ধ। গাংনী উপজেলার বামন্দী বাজারের ক্রেতা মাসুদ রানা বলেন, "কালকে ১২০ টাকা ছিল, আজ ২৪০ টাকাড়এভাবে তো সাধারণ মানুষ মরিচ খেতে পারবে না।" অন্য ক্রেতা ফিরোজ হোসেন বলেন, "বর্ষার অজুহাতে দাম বাড়ানো হচ্ছে, অথচ এখনো বাজারে মরিচের সরবরাহ পুরোপুরি সংকটময় নয়। প্রশাসনের পর্যাপ্ত নজরদারি ও মূল্য নিয়ন্ত্রণ জরুরি।" মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য মতে, চলতি বছর জেলার ১,২০০ হেক্টর জমিতে মরিচ চাষ হয়েছে। কিন্তু অতিবৃষ্টির কারণে ব্যাপক ফসল ক্ষতি হয়েছে, যার প্রভাব বাজারে দাম বাড়ায়। স্থানীয় প্রশাসনের কাছে ক্রেতারা দ্রুত বাজারে মূল্য স্থিতিশীলতা আনার জন্য কার্যকর পদক্ষেপ ও মনিটরিং চালানোর দাবি জানাচ্ছেন। বাজারে শিগগিরই মরিচের সরবরাহ স্বাভাবিক না হলে ক্রমবর্ধমান মূল্য বৃদ্ধির ফলে ভোক্তারা দীর্ঘমেয়াদে প্রভাবিত হবেন বলে আশঙ্কা করা হচ্ছে।

## এগিয়ে গিয়েও ফাইনালে উঠতে

সমতা ফেরায় তারা। এরপরও পিছিয়ে পড়েনি বাংলাদেশ। ৩০ মিনিটে অধিনায়ক মোহাম্মদ আব্দুল্লাহর গোল আবারও বাংলাদেশকে এগিয়ে দেয় (৩-২)। তৃতীয় কোয়ার্টারে দুই দলই গোলের জন্য মরিয়া থাকলেও গোলের দেখা মেলেনি। শেষ কোয়ার্টারে ম্যাচে ফের নাটকীয় মোড় নেয়। ৪৬ মিনিটে জাপান আবারও সমতায় ফেরে (৩-৩)। কিন্তু এক মিনিট পরই অমিত হাসানের গোল বাংলাদেশের পক্ষ থেকে চতুর্থবারের মতো লিড এনে দেয় (৪-৩)। কিন্তু এরপরই ছন্দপতন। সময়ের সঙ্গে সঙ্গে ধসে পড়ে বাংলাদেশের রক্ষণভাগ। শেষ ৯ মিনিটে জাপান একের পর এক তিনটি গোল করে ম্যাচ নিজের করে নেয় (৬-৪)। হারের কষ্টে বিদায় নিতে হয় সেমিফাইনাল থেকে। এদিকে, নারী অনূর্ধ্ব-১৮ বিভাগেও প্রতিদ্বন্দ্বিতা জমে উঠেছে। বাংলাদেশ ২-২ গোলে ড্র করে কাজাখস্তানের বিপক্ষে, যেখানে শেষ মুহূর্তে গোল খেয়ে জয় হাতছাড়া হয়। তৃতীয় স্থান নির্ধারণী ম্যাচেও একই দলের বিপক্ষে খেলবে বাংলাদেশ নারী দল। বাংলাদেশ দলের তরুণ খেলোয়াড়রা ধারাবাহিকভাবে ভালো খেলে এলেও ম্যাচের শেষ অংশে ঘাটতির কারণেই সাফল্য অধরাই থেকে যাচ্ছে। কোচিং স্টাফদের মতে, খেলোয়াড়দের মানসিক দৃঢ়তা ও রক্ষণভাগের সংগঠনে আরও মনোযোগী হতে হবে।

## মেহেরপুরে জামায়াতে ইসলামীর

আমীর তাজউদ্দিন খান। উদ্বোধনী বক্তব্য দেন জেলা নির্বাচন পরিচালক জারজিস হুসাইন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমীর মোঃ রুহুল আমিন। বিশেষ অতিথি ছিলেন যশোর-কুষ্টিয়া অঞ্চলের জামায়াত টিমের সদস্য ড. আলমগীর বিশ্বাস, জেলা জামায়াতের সেক্রেটারি মোঃ ইকবাল হুসাইন, জেলা নায়েবে আমীর মাওলানা মাহাবুব-উল-আলম, সদর উপজেলা আমীর সোহেল রানা এবং সদর উপজেলা সেক্রেটারি জাব্বারুল ইসলাম মাস্টার। প্রশিক্ষণে নির্বাচনী কর্মকৌশল, সাংগঠনিক জবাবদিহিতা, নির্বাচনী প্রস্তুতি ও সমসাময়িক রাজনৈতিক প্রেক্ষাপট নিয়ে আলোচনা হয়। জেলা ও উপজেলা পর্যায়ের শতাধিক দায়িত্বশীল নেতা-কর্মী এতে অংশগ্রহণ করেন। বক্তারা আগামী জাতীয় নির্বাচনকে সামনে রেখে দলীয় ঐক্য, সাংগঠনিক তৎপরতা ও গণসংযোগ জোরদার করার ওপর গুরুত্বারোপ করেন। তারা বলেন, জনগণের কল্যাণে নৈতিক, যোগ্য ও বিশ্বাসযোগ্য নেতৃত্ব গড়ে তোলার লক্ষ্যেই জামায়াতে ইসলামী কাজ করে যাচ্ছে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীদের মধ্যে বিভিন্ন নির্বাচনী উপকরণ বিতরণ করা হয়।

## প্র্যাকটিক্যাল নম্বরে সবাই ফেল,

প্রকাশের পর ক্ষুব্ধ শিক্ষার্থীরা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের সামনে বিক্ষোভ করেছেন।

বৃহস্পতিবার এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশিত হয়। এতে বিদ্যালয়টির ভোকেশনাল শাখা থেকে নিয়মিত ৬৬ জন ও অনিয়মিত ২২ জনড়মোট ৮৮ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। তবে ফলাফলে দেখা যায়, সবাই 'ইন্ডাস্ট্রিয়াল অ্যাসাইনমেন্ট' (প্র্যাকটিকাল) বিষয়ে ফেল করেছেন। ফলে চূড়ান্ত ফলাফলে সবাইকে 'অকৃতকার্য' দেখানো হয়েছে।

শিক্ষার্থীদের অভিযোগ, তারা নির্ধারিত সময়ের মধ্যেই প্র্যাকটিকাল খাতা জমা দিয়েছেন। খাতা জমার শেষ সময় ছিল ২২ জুন। অনেকেই লিখিত পরীক্ষায় 'জিপিএ-৫', 'এ' বা 'এ-মাইনাস' পেয়েছেন। অথচ শুধুমাত্র প্র্যাকটিকালে ফেল দেখানো হয়েছে। এক শিক্ষার্থী বলেন, "সব বিষয়ে ভালো ফল করেছি। কিন্তু প্র্যাকটিকালে ফেল! পরিবারে কেউ বিশ্বাস করতে পারছে না। আমরা মানসিকভাবে ভেঙে পড়েছি।" শুক্রবার সকাল সাড়ে ১০টার দিকে ক্ষুব্ধ শিক্ষার্থীরা ফল প্রত্যাহারের দাবিতে জীবননগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের সামনে জড়ো হয়ে বিক্ষোভ করে। বিদ্যালয়ের ভোকেশনাল শাখার শিক্ষক আব্দুর রহমান বলেন, "আমরা বোর্ডে যোগাযোগ করেছি। আশা করছি, রোববারের মধ্যে সমস্যার সমাধান হবে।" জীবননগর উপজেলা একাডেমিক সুপারভাইজার সৈয়দ আব্দুল জব্বার বলেন, "বিষয়টি জানার পর বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সঙ্গে কথা বলেছি। তিনি জানিয়েছেন, বোর্ডের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। রোববার বোঝা যাবেড়প্র্যাকটিকালে সত্যিই ফেল এসেছে, নাকি নম্বর এন্ট্রি হয়নি। নম্বর এন্ট্রির সমস্যা হলে তা ঠিক করা সম্ভব। তবে প্রকৃতপক্ষে ফেল হয়ে থাকলে ফল পরিবর্তনের সুযোগ নেই।" শিক্ষার্থীরা বলছেন, এই ফলাফল তাদের ভবিষ্যৎ নিয়ে শঙ্কা তৈরি করেছে। দ্রুত সমাধান না হলে তারা বৃহত্তর কর্মসূচিতে যাওয়ার হুমকি দিয়েছেন।

## সালাহউদ্দিন আহমেদ

মধ্যে শেষ হওয়া উচিত ছিল। এখন আর বেশি দেরি না করে একটি সারসংক্ষেপ ও সিদ্ধান্তে পৌঁছানো প্রয়োজন।" বৈঠক পরিচালনার ঘাটতির কারণে পুরো প্রক্রিয়া ধীরগতিতে চলছে বলেও মন্তব্য করেন তিনি। তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা কার্যত পুনঃপ্রতিষ্ঠিত হয়েছে বলে দাবি করে সালাহউদ্দিন বলেন, এখন শুধু সুপ্রিম কোর্টের রিভিউ রায় বাকি রয়েছে। তিনি আশা প্রকাশ করেন, রিভিউতে আদালত একটি ইতিবাচক সিদ্ধান্ত দেবে। আসন্ন নির্বাচনে আনুপাতিক প্রতিনিধিত্ব (চজ) পদ্ধতির প্রস্তাবের বিরোধিতা করে বিএনপির এই নেতা বলেন, "বাংলাদেশ এখনো এই ব্যবস্থার জন্য প্রস্তুত নয়।" তাঁর মতে, এই পদ্ধতিতে ভোটার ও জনপ্রতিনিধির মধ্যে দূরত্ব তৈরি হয় এবং নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীদের অংশগ্রহণ বাধাগ্রস্ত হয়। তিনি আরও বলেন, "পিআর ব্যবস্থায় স্থানীয় জনপ্রিয় কেউ নির্বাচিত হওয়ার সুযোগ হারাতে পারেন, যা গণতন্ত্রের জন্য ক্ষতিকর। এটি দুর্বল জোট সরকার তৈরি করতে পারে, শক্তিশালী নেতৃত্ব গড়তে ব্যর্থ হয়।" ছোট রাজনৈতিক দলগুলোর কিছু দাবি প্রসঙ্গে সালাহউদ্দিন বলেন, "কিছু দল সংস্কার চায়, কেউ পিআর চায়, আবার কেউ বিচার ছাড়া নির্বাচন মেনে নেয় না ড় এসব দাবির পেছনে ভিন্ন ভিন্ন রাজনৈতিক উদ্দেশ্য রয়েছে।" তবে তিনি াত্মবিশ্বাসের সঙ্গে বলেন, "সংবিধান অনুযায়ী আগামী বছরের ফেব্রুয়ারির মধ্যেই জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে।" আওয়ামী লীগের ভবিষ্যৎ নিয়ে মন্তব্য করতে গিয়ে তিনি বলেন, "আওয়ামী লীগ আর কোনো রাজনৈতিক দল নয়। তারা এখন একটি ফ্যাসিবাদী, অগণতান্ত্রিক মাফিয়া সংগঠনে পরিণত হয়েছে। গণতন্ত্র তাদের রক্তে নেই, ইতিহাসেও নেই।"

## জীবননগরে ঋণ পরিশোধ না করায়

বৃহস্পতিবার (১০ জুলাই) সন্ধ্যায় জীবননগর বিআরডিবি কার্যালয়ে এ ঘটনা ঘটে।

ভুক্তভোগী নুরনাহার খাতুন (৪৭) উপজেলার বাঁকা গ্রামের বাসিন্দা। তিনি জানান, দীর্ঘদিন ধরে অসুস্থ থাকায় কিস্তির টাকা পরিশোধে সাময়িক অসুবিধায় পড়েন। বৃহস্পতিবার তিনি ১০ হাজার টাকা নিয়ে বিআরডিবি কার্যালয়ে গেলে মাঠকর্মী আবেদা সুলতানা অবশিষ্ট টাকা না পাওয়ায় তাকে অফিসের বারান্দায় তালাবদ্ধ করে রেখে বাসায় চলে যান। নুরনাহার বলেন, "আমি আরও কিছু সময় চেয়েছিলাম। কিন্তু তিনি শোনেননি। রাতে অন্ধকার বারান্দায় আমাকে একা রেখে তালা মেরে চলে যান। এটা একজন নারীর জন্য চরম অপমানজনক ও অমানবিক।" এ বিষয়ে অভিযুক্ত মাঠকর্মী আবেদা সুলতানা বলেন, "নুরনাহারের কাছে ২ লাখ ৩০ হাজার টাকা বকেয়া রয়েছে। বারবার কিস্তি অনিয়ম হওয়ায় অফিস আমার বেতন থেকে টাকা কেটে নিচ্ছে। তাই আমি তার পরিবারের সঙ্গে যোগাযোগের চেষ্টা করেছি।" ঘটনার খবর পেয়ে স্থানীয়রা পুলিশে জানান। পরে জীবননগর থানা পুলিশ গিয়ে নুরনাহারকে উদ্ধার করে পরিবারের জিম্মায় দেয়। জীবননগর বিআরডিবির প্রধান কর্মকর্তা তারিক জামাল বলেন, "নুরনাহার তিন লাখ টাকা ঋণ নিয়েছিলেন। এখনো পুরো টাকা ফেরত দেননি। তবে তাকে তালাবদ্ধ করে রাখার বিষয়ে আমার কোনো অনুমতি ছিল না, ঘটনাটি আমি জানতামও না।" জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মামুন হোসেন বিশ্বাস বলেন, "খবর পেয়ে আমরা গিয়ে ওই নারীকে উদ্ধার করি। এখন পর্যন্ত কেউ লিখিত অভিযোগ দেননি। অভিযোগ পেলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।"

## বল্লভপুর বৃদ্ধাশ্রমে খাবার ও তোয়ালে

নইমুদ্দিন শা (নয়ন শা)এর ছেলে। এদিন তিনি বৃদ্ধাশ্রমের প্রতিটি বাসিন্দার হাতে তোয়ালে তুলে দেন এবং তাদের জন্য বিশেষভাবে প্রস্তুতকৃত দুপুরের খাবার পরিবেশন করেন। এই আয়োজনে সেলিম রেজার সঙ্গে ছিলেন তার বড় ভাই আব্দুর রশিদ জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ। তিনিও নিজ হাতে প্রবীণদের মাঝে খাবার পরিবেশন করেন এবং প্রত্যেকের খোঁজখবর নেন। খাবার বিতরণ শেষে আব্দুর রশিদ বলেন, "সমাজের প্রবীণরা আমাদের অভিভাবক। তাদের পাশে থাকা আমাদের নৈতিক দায়িত্ব। আমার অনুপ্রেরণায় এবং আমার ছোট ভাইয়ের অর্থায়নে আমরা এই উদ্যোগ নিয়েছি। ভবিষ্যতেও আমরা এই বৃদ্ধাশ্রমের অসহায় বাসিন্দাদের পাশে থাকার চেষ্টা করব।" তিনি এ সময় সকলের কাছে পরিবারের জন্য দোয়া কামনা করেন। এ সময় আরও উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা কৃষকদলের সভাপতি আরমান আলী, কেদারগঞ্জ বাজার কমিটির সাধারণ সম্পাদক উদ্দিন, ছাত্রদলের নেতৃবৃন্দ, হাসপাতালের কর্মকর্তা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তি। স্থানীয়রা এ উদ্যোগকে স্বাগত জানিয়ে বলেন, সমাজের অন্যদেরও এমন উদ্যোগে অংশ নেওয়া উচিত, যাতে প্রবীণরা অন্তত শেষ জীবনে একটু ভালোবাসা ও সম্মান পান।

## কুষ্টিয়ায় অটোচালককে হত্যার

তিনি স্ত্রী-সন্তান নিয়ে শহরের আদর্শপাড়া এলাকায় ভাড়া বাসায় বসবাস করতেন। এদিকে হত্যাকাণ্ডের প্রতিবাদে বিক্ষুব্ধ এলাকাবাসী সকাল থেকে কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করতে থাকেন। এ সময় সড়?কের দুই পা?শে যানজ?টের সৃ?ষ্টি হয়। বেলা ১২টার দিকে সেনাবাহিনীর সদস্যরা ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণ করেন। এরপর বিক্ষুব্ধ এলাকাবাসী মোল্লা?তেঘ?রিয়া থে?কে শহ?রের থানা মোড় পর্যন্ত অভ্যন্তরীণ রাস্তা অব?রোধ ক?রে লাশ নি?য়ে বি?ক্ষোভ শুরু ক?রেন। নিহতের মা হালিমা খাতুন জানান, বৃহস্পতিবার রাত ৯টার পর থেকে রফিকুলের সঙ্গে যোগাযোগ করা যাচ্ছিল না না। সারারাত অনেক খোঁজা-খুঁজি করেও কোনো সন্ধান মেলেনি। সকালে জানতে পারি, ওর মরদেহ গাছের সঙ্গে ঝুলছে। তিনি দাবি করেন তার ছেলেকে হত্যা করে অটো ছিনতাই করা হয়েছে। রফিকুলের ছেলে নিলয় জানান, প্রতিদিনের মতো সকালে বাবা ব্যাটারি চালিত অটো নিয়ে বের হয়ে যান। এরপর রাতে ফোন করেও কোনো সাড়া পাওয়া যায়নি। কুমারখালী থানাসহ বিভিন্ন জায়গায় খোঁজ করেও তাকে পাওয়া যায়নি। সকালে জানতে পারেন, তার বাবার লাশ গাছ থেকে ঝুলন্ত অবস্থায় উদ্ধার করা হয়েছে। তার দাবি, হত্যার পর দুর্বৃত্তরা অটো ছিনিয়ে নিয়ে গেছে।

নিহতের সহকর্মী পারভেজ তপু বলেন, বৃহস্পতিবার সন্ধ্যায় আজানের সময় রফিকুলের সঙ্গে তার দেখা হয়েছিল। কিস্তির টাকা পরিশোধ করে হাসিমুখে চলে যান। আজ শুনলাম, সে আর বেঁচে নেই। তিনি একজন ভালো মানুষ ছিলেন, কারও সঙ্গে তার কোনো বিরোধ ছিল না।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোশারফ হোসেন জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠিয়েছে। প্রথমিকভাবে ধারণা করা হচ্ছে তাকে হত্যা করে অটোটি ছিনতাই করে নিয়ে গেছে দুর্বৃত্তরা। সার্বিক বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।

## রিজভী

দিক মেনে নিয়েছে। কিন্তু এটি কেন সংবিধানের মূলনীতিতে যুক্ত করা হবেড় এই প্রশ্ন জাতির সামনে তোলা প্রয়োজন। জনগণকে বিভ্রান্ত করার জন্যই এ ধরনের প্রস্তাব আনা হচ্ছে।" রিজভী অভিযোগ করেন, সরকার গণতন্ত্রকে ধ্বংস করে একক ক্ষমতা কুক্ষিগত করে রেখেছে। "শেখ হাসিনা গত ১৬ বছর ধরে জনগণের অধিকার কেড়ে নিয়ে গণতন্ত্রের দরজা বন্ধ করে রেখেছেন। আমাদের এখন সেই বন্ধ দরজাটি খুলে জনগণের মালিকানা পুনরুদ্ধার করতে হবে।" রিজভীর মতে, সংবিধান সংস্কার একটি চলমান প্রক্রিয়া। "সংস্কার পর্বতের মতো স্থির নয়, এটি সময়ের দাবি। কিন্তু আগে সংস্কার করে তার ভিত্তিতে আলোচনা হওয়া উচিত। জোর করে কিছু চাপিয়ে দিলে জনগণের মধ্যে বিভ্রান্তি তৈরি হয়।" তিনি বলেন, "আপনি যদি প্রকৃত গণতান্ত্রিক সংস্কার চান, তাহলে আইন, ন্যায়বিচার ও আইনের শাসনের প্রশ্নে বাস্তব পদক্ষেপ নিতে হবে। আমরা বারবার বলেছি সংস্কার চাই, তবে তা হতে হবে সময়োচিত ও সর্বসম্মত।" দেশের বর্তমান অর্থনৈতিক পরিস্থিতি তুলে ধরে রিজভী বলেন, "আজ গার্মেন্টস কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, মানুষ কর্মহীন হয়ে পড়ছে, খাদ্যের দাম আকাশছোঁয়া। মানুষ যদি খেতে না পারে তাহলে সেটাই দুর্ভিক্ষের লক্ষণ।" তিনি হুঁশিয়ার করে বলেন, "যদি সেপ্টেম্বর-অক্টোবরে দুর্ভিক্ষ দেখা দেয়, তাহলে জনগণ কাউকে ছেড়ে কথা বলবে না। ফ্যাসিস্টরা তালি দেবে যখন সরকারের পতন হবে। সরকার চাইলে দুর্নীতিবাজ অর্থ পাচারকারীদের মালিকানাধীন প্রতিষ্ঠান রাষ্ট্রীয় নিয়ন্ত্রণে নিয়ে কারখানাগুলো সচল রাখতে পারে। "তবে তারা সেটা করবে না, কারণ তারা জনগণের সরকার নয়।""আমরা অন্তর্বর্তী সরকারের প্রতি সমর্থন জানিয়েছি, কারণ এটিই ছিল সকল দলের আলোচনার ফল। তবে সেই সরকার যদি জনস্বার্থে ব্যর্থ হয়, তাহলে জনগণ আমাদেরও ছাড় দেবে না। বর্তমানে যে সাময়িক সরকার চলছে, সেটি আওয়ামী লীগ ছাড়া প্রায় সব দলের সমর্থন পেয়েছে। তাই জনগণের আশার প্রতিফলন ঘটাতে না পারলে, সেটিও চ্যালেঞ্জের মুখে পড়বে। বিএনপি কখনও সংস্কারের বিরোধিতা করেনি। আমাদের ৩১-দফা সংস্কার প্রস্তাবে জনগণের স্বার্থে বহু যুগান্তকারী পরিকল্পনা রয়েছে। সংস্কার মানেই সংবিধান পাল্টানো নয়, বরং জনগণের অধিকার, গণতন্ত্র, জবাবদিহি এবং আইনের শাসন নিশ্চিত করা। আমরা সেই সংগ্রামে আছি এবং থাকবো।" রিজভী তার বক্তব্যে রাজনৈতিক দলগুলোর প্রতি আহ্বান জানান, যেন বিভ্রান্তিকর প্রস্তাবের বদলে প্রকৃত গণতন্ত্র প্রতিষ্ঠার দিকে মনোযোগ দেওয়া হয়। তিনি বলেন, "রাষ্ট্রের মালিক জনগণ, তাদের প্রতিনিয়ত জবাবদিহিতার কাঠগড়ায় রাখা না গেলে সেটিই ফ্যাসিবাদের রূপ নেয়।"

## গ্রামবাংলার ঐতিহ্যবাহী খেলায় মেতে

আকর্ষণের কেন্দ্রবিন্দু বিবাহিত বনাম অবিবাহিতদের প্রীতি ম্যাচ

এলাকাবাসীর মাঝে ব্যাপক উৎসাহ ও সাড়া ফেলেছে।

শুক্রবার বিকাল ৪টায় মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফৌজদারীপাড়া যুব সংঘের সভাপতি ও জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপির নেতা বখতিয়ার হোসেন। তিনি বলেন, "শুধু রাজনীতি নয়, সমাজ গঠনে যুবকদের ইতিবাচক উদ্যোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই আয়োজন যুব সমাজকে একত্র করে এবং খেলাধুলার মাধ্যমে শক্তিশালী বন্ধন তৈরি করে।" বিশেষ অতিথি ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ফিরোজুর রহমান ফিরোজ ও পিরোজপুর ইউনিয়ন বিএনপি নেতা মিন্টু। তাঁরা বলেন, "বিনোদন ও ক্রীড়ার মাধ্যমে সমাজে সৌহার্দ্য বজায় থাকে এবং নতুন প্রজন্ম নেশা থেকে দূরে থাকে। এ ধরনের আয়োজন আরও ব্যাপকভাবে করা উচিত।" অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আ ক ম উল্লাহ শোভন। এ সময় উপস্থিত ছিলেন পৌর যুবদল নেতা রিপনসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ ও শতাধিক দর্শনার্থী। অনুষ্ঠানে দড়ি টানাটানি, চকলেট দৌড়, হাড়িভাঙা, বালিশ যুদ্ধ, এক পায়ে দৌড়, হাঁড়িভাঙা, অন্ধ দৌড় ইত্যাদি খেলায় অংশ নেন স্থানীয় তরুণরা। অংশগ্রহণকারীদের মধ্যে ছিল কিশোর, তরুণ ও মধ্যবয়সী ব্যক্তিরাও। প্রত্যেক খেলায় ছিল হাস্যরসের উপাদান, যা দর্শকদের আনন্দে মাতিয়ে তোলে। পুরস্কার বিতরণী অনুষ্ঠান শেষে মাঠে গড়ায় দিনটির সবচেয়ে আকর্ষণীয় আয়োজন ছিল বিবাহিত বনাম অবিবাহিতদের মধ্যে প্রীতি ফুটবল ম্যাচ। ম্যাচটি ঘিরে দর্শকদের উত্তেজনা ছিল চরমে। খেলা ড্র হলেও অংশগ্রহণকারীদের মধ্যে গড়ে ওঠে চমৎকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক। দিনব্যাপী আয়োজিত খেলাগুলোর শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। পুরস্কার বিতরণ শেষে আয়োজক যুব সংঘের নেতারা জানান, "এই আয়োজন শুধু খেলার জন্য নয়, এটি সমাজে সৌহার্দ্য ও বন্ধনের প্রতীক। ভবিষ্যতেও আমরা এ ধরনের আরও বড় পরিসরে অনুষ্ঠান আয়োজন করব।" এ আয়োজন যুব সমাজকে খেলাধুলা ও গঠনমূলক কর্মকাণ্ডে যুক্ত করে একটি সুস্থ ও সচেতন সমাজ গঠনে সহায়ক হবে বলেই মত দেন অংশগ্রহণকারীরা।

## বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ছয়

স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হিসেবে বিবেচিত হয়। ফলে এসব জেলার বর্তমান কমিটি স্থগিত ঘোষণা করা হয়েছে। একই সঙ্গে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তাদের সকল সাংগঠনিক কার্যক্রমও স্থগিত থাকবে।

## ১২ জুলাই : কোটা সংস্কারের দাবিতে

দেয় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন।

শুক্রবার শাহবাগে কর্মসূচি শুরু হওয়ার কথা ছিল বিকেল ৪টায়। কিন্তু বৃষ্টির কারণে বিকেল সাড়ে ৪টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরির সামনে জড়ো হতে থাকেন আন্দোলনকারীরা। এরপর বিকেল ৫টার দিকে তারা বিক্ষোভ মিছিল নিয়ে শাহবাগে অবস্থান নেন। সন্ধ্যা পৌনে ৬টার দিকে মিছিল নিয়ে তাদের সঙ্গে যোগ দেন ঢাকা কলেজের শিক্ষার্থীরা। শাহবাগে প্রায় সোয়া এক ঘণ্টা সড়ক অবরোধ করে রাখেন আন্দোলনকারীরা।

শুক্রবার সন্ধ্যায় শাহবাগ মোড় ছাড়ার আগে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক আবু বাকের মজুমদার বলেন, 'শনিবার (১৩ জুলাই) দেশের ৬৪ জেলায় অনলাইন ও অফলাইনে প্রতিনিধি সম্মেলন অনুষ্ঠিত হবে। সন্ধ্যা ছয়টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারের সামনে সংবাদ সম্মেলন করে আমরা পরবর্তী কর্মসূচি জানিয়ে দেব। আমাদের এক দফা দাবি সরকারকে অবশ্যই আমলে নিতে হবে।'

সরকারি চাকরিতে নিয়োগের ক্ষেত্রে সব গ্রেডে বৈষম্যমূলক ও অযৌক্তিক কোটা বাতিলের দাবিতে ১ জুলাই থেকে শুরু হওয়ার আন্দোলনের ১২তম দিন ছিল শুক্রবার।

শুক্রবার রাতে কোটাবিরোধী আন্দোলনে পুলিশের যানবাহন ভাঙচুর, পুলিশ সদস্যদের ওপর হামলা এবং মারধরের অভিযোগে শাহবাগ থানায় মামলা করা হয়। রাজারবাগ পুলিশ লাইন্সের পরিবহন বিভাগের গাড়িচালক খলিলুর রহমান বাদী হয়ে শাহবাগ থানায় এই এ মামলা করেন। মামলায় অজ্ঞাত ব্যক্তিদের আসামি করা হয়।

এদিন বিকেলে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। বিকেল সাড়ে চারটায় কলাভবনের সামনে থেকে মিছিলটি শুরু হয়। মিছিলটি বিশ্ববিদ্যালয়ের প্রধান সড়কগুলো ঘুরে পার্শ্ববর্তী বাহাদুর শাহ পার্ক, কবি নজরুল কলেজের সামনে দিয়ে আবার ক্যাম্পাসে গিয়ে শেষ হয়।

এদিন ঢাকার বাইরে প্রায় ১৫টি স্থানে বিক্ষোভ করেন শিক্ষার্থীরা। তবে মানিকগঞ্জের সরকারি দেবেন্দ্র কলেজ প্রাঙ্গণে শিক্ষার্থীরা মানবন্ধন করতে গেলে ছাত্রলীগ তাতে বাধা দেয়।

শুক্রবার বিকেলে ঢাকা-রাজশাহী রেলপথ অবরোধ করে বিক্ষোভ করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। বিকেল পাঁচটার দিকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের স্টেশন বাজারসংলগ্ন ঢাকা-রাজশাহী রেললাইন অবরোধ করেন তারা। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং রাজশাহী মেডিকেল কলেজের শিক্ষার্থীরাও এ বিক্ষোভে অংশ নেন।

এদিন চট্টগ্রাম নগরের ষোলশহর রেলস্টেশন থেকে বিকেল পাঁচটায় বিক্ষোভ মিছিল বের করেন শিক্ষার্থীরা। এতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও এর অধিভুক্ত কলেজ ছাড়াও চট্টগ্রামের বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও চাকরিপ্রত্যাশীরা অংশ নেন। মিছিলটি ষোলশহর থেকে ২ নম্বর গেট, চকবাজার, জামালখান, কাজীর দেউড়ি হয়ে নগরের আলমাস মোড়ে গিয়ে শেষ হয়।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে মশাল মিছিল করেন শিক্ষার্থীরা। সন্ধ্যা পৌনে ৭টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে থেকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে বিক্ষোভ মিছিল বের করেন তারা।

এদিন সিলেটে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা মশাল মিছিল করেন। রংপুরে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ করেন শিক্ষার্থীরা। সন্ধ্যা ৬টার দিকে শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল নিয়ে ক্যাম্পাসের বাইরের সড়কে অবস্থান নিতে চাইলে পুলিশ তাতে বাধা দেয়। কুমিল্লা বিশ্ববিদ্যালয়েও বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষার্থীরা। বিকেল সাড়ে চারটার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রধান সড়কের সামনে থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়।